

২০২১

বাংলা — সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : SEC-A-1

(মুদ্রণ ও প্রকাশনা)

পূর্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) কোনো গ্রন্থের সম্পাদনার সময় সম্পাদককে কোন্ কোন্ দায়িত্ব পালন করতে হয় সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) যুক্তবর্ণ কাকে বলে? বাংলায় স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের সংখ্যা ক'টি? বাংলা বানানে 'ই' ও 'ঈ' ব্যবহারের পদ্ধতি কী সে বিষয়ে আলোচনা করো। বাংলা বানানে 'হসন্ত চিহ্ন' ব্যবহারের নিয়ম বিষয়ে লেখো। ১+২+৩+৪

- ২। (ক) এম. এস. ওয়ার্ড কী? মুদ্রণের কাজে এর প্রয়োগত বিশিষ্টতার ক্ষেত্রগুলি চিহ্নিত করো। ১+৯

অথবা,

- (খ) কোরেল ড্র কী কী কাজ করে? সেই কাজগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৮

- ৩। (ক) প্রুফ সংশোধনের ক্ষেত্রে ব্যবহৃত যে-কোনো দশটি চিহ্নের প্রয়োগ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা,

(কেবলমাত্র দৃষ্টিহীন পড়ুয়াদের জন্য)

অশুদ্ধি সংশোধন করো— মুমূর্সু, পুঙ্করিণি, বিসন্ন, প্রশারন, বীপরীত, প্রতিদাণ, দ্বায়িত্ত, সুভক্ষন, নিহারিকা, ছদ্মবেশ। ১০

অথবা,

- (খ) বই-এর স্টিচিং কত প্রকার ও কী কী? স্টিচিং পদ্ধতিগুলি সম্পর্কে আলোচনা করো। ২+৮

- ৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) গবেষণার পাণ্ডুলিপির প্রারম্ভিক অংশটি কীভাবে প্রস্তুত করা হয় তার ধাপগুলি পরপর আলোচনা করো।

(খ) গ্রন্থের পঞ্জিকরণ সম্পর্কে সংক্ষেপে লেখো।

(গ) টীকা লেখো— কারসর, স্ট্যাটাস বার।

(ঘ) পেজ মেকার কী? এর কাজ সম্পর্কে আলোচনা করো।

Please Turn Over

- (ঙ) কম্পিউটারে একটি ফুল আঁকতে গেলে কী করতে হবে?
- (চ) উনিশ শতকের প্রথমার্ধে বাংলায় প্রচলিত ছাপার প্রযুক্তি বিষয়ে যা জানো লেখো।
- (ছ) লিথোগ্রাফি প্রযুক্তি সম্পর্কে আলোচনা করো।
- (জ) জেল বাইন্ডিং সম্পর্কে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) পাণ্ডুলিপিতে গ্রন্থপঞ্জির ভূমিকা কী?
 - (খ) কলিকাতা বিশ্ববিদ্যালয় বানান সংস্কার সমিতির বাংলা বানান সংক্রান্ত পুস্তিকার প্রকাশকাল উল্লেখ করো।
 - (গ) 'দ্বন্দ্ব' শব্দটি ভেঙে লেখো।
 - (ঘ) 'জ্ঞ'-এর মধ্যে কোন্ কোন্ ব্যঞ্জনবর্ণ আছে বলো।
 - (ঙ) বাঁধাইকারকরা কাকে 'পুস্তানি' বলেন?
 - (চ) পাণ্ডুলিপি প্রস্তুতির ক'টি ধাপ?
 - (ছ) 'রুলার' বাটনের কাজ কী?
 - (জ) 'WORDS' কী কাজ করে থাকে?
 - (ঝ) 'Ctrl+V'-এর কাজ কী?
 - (ঞ) 'ফন্ট' বলতে কী বোঝায়?
 - (ট) 'কোরেল ফটো পেইন্ট' কী?
 - (ঠ) 'Ctrl+C'-এর কাজ কী?
 - (ড) ISBN-এর সম্পূর্ণ রূপটি লেখো।
 - (ঢ) পুরো পাতা বা ছবি ধাতুর ওপর খোদাই করে ছাপার ব্যবস্থা প্রথম কোন দেশে হয়?
 - (ণ) গুটেনবার্গ কোন দেশে জন্মগ্রহণ করেছিলেন?
 - (ত) কোন বাংলা বইয়ে প্রথম রঙিন ছাপা আরম্ভ হয়?
 - (থ) বাংলা মুদ্রণের ইতিহাসে ১৭৭৮ সন স্মরণযোগ্য কেন?
 - (দ) কোন সালে শ্রীরামপুর মিশনের যাত্রা শুরু হয়?
 - (ধ) প্রথম সচিত্র বাংলা বই কোনটি?
 - (ন) 'চলন্তিকা' কার রচনা?
-